

(একই নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

প্রশাসন-১ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.mos.gov.bd


নং-১৮.০০.০০০০.০১৬.৯৯.০০১.১৫(অংশ-১)-৬৭০

তারিখঃ ০২-০৪-২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ ইসলামিক ফাউন্ডেশন এর ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আগামী ৬ এপ্রিল সোহরাওয়ার্দী উদ্যানে আয়োজিত ওলামা-মাশায়েখ মহাসম্মেলনে আগত ধর্মপ্রাণ মুসলমানদের যাতায়াতের সুবিধার্থে বিশেষ লঞ্চ/সিটমার সার্ভিস চালুকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ৩০.০৩.২০১৭ তারিখের পত্র নং-১৬.০০.০০০০.০০৪.০১.০৩৯.১৩-১৪২ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ইসলামিক ফাউন্ডেশন এর ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আগামী ৬ এপ্রিল ২০১৭ তারিখে ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে ওলামা-মাশায়েখ মহাসম্মেলন অনুষ্ঠিত হবে। উক্ত মহাসম্মেলনে সকল জেলা-উপজেলা থেকে ৬০ হাজার শিক্ষক কর্মচারী, ৯০ হাজার প্রশিক্ষিত ইমাম, ৬১ হাজার ইমাম মুয়াজ্জিন, কল্যাণ ট্রাস্টের সদস্যসহ কয়েক লক্ষ ওলামা-মাশায়েখ এবং ধর্মপ্রাণ মুসলমানগণ যোগদান করবেন।

এমতাবস্থায়, ইসলামিক ফাউন্ডেশন এর ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে আগামী ০৬ এপ্রিল ২০১৭ তারিখ সোহরাওয়ার্দী উদ্যানে অনুষ্ঠিত আগত ধর্মপ্রাণ মুসলমানদের যাতায়াতের সুবিধার্থে ০৫.০৪.২০১৭, ০৬.০৪.২০১৭ এবং ০৭-০৪-২০১৭ তারিখ দিনে/রাতে বিশেষ লঞ্চ/সিটমার সার্ভিস চালুসহ ফেরী চলাচল স্বাভাবিক রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি সার্বক্ষণিক ও নিবিড় তদারকি করার জন্য একজন সদস্য/পরিচালক/একজন দায়িত্বশীল কর্মকর্তাকে গুরুত্বপূর্ণ প্রতিটি ঘাটে নিয়োজিত রাখার জন্যও অনুরোধ করা হলো।


(মোঃ রফিকুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ফোন: ৯৫৪৯১১৫

বিতরণ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ।
- ২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, বাংলা মটর ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব নৌ-পরিবহন মন্ত্রণালয়, ঢাকা।